গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস, এপিএ ও সুশাসন শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন পর্যালোচনার নিমিত্ত দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২৪) এর

নৈতিকতা কমিটির সভা'র কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মোঃ এহছানুল হক**<br>সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ১০ নভেম্বর ২০২৪ |
| সময় | : | বেলা ১২.০০ ঘটিকা |
| স্থান | : | সভাকক্ষ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে তিনি ২০২৪-২৫ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার আহ্বান জানান। এছাড়া, তিনি উপস্থিত সকলকে তাঁদের ব্যক্তিগত জীবনে ও স্ব-স্ব দপ্তরে পেশাগত জীবনে উত্তম চর্চাকে গুরুত্ব সহকারে বিবেচনার আহ্বান জানান। অতঃপর তিনি এ বিভাগের যুগ্মসচিব (সওজ সংস্থাপন ও টিএ অধিশাখা) ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মুহাম্মদ কামরুল হাসানকে কার্যপত্র অনুসারে সভা পরিচালনাসহ ২০২৪-২০২৫ অর্থবছরের এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি এবং দ্বিতীয় প্রান্তিকের লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করার আহ্বান জানান।

২.০ সভাপতির অনুমোদনক্রমে শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার কার্যপত্র অনুসারে গত ৩১/০৭/২০২৪ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধন না থাকায় উপস্থাপিত কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হয়।

৩.০ অতঃপর শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার কার্যপত্র অনুসারে বিগত ৩১/০৭/২০২৪ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এবং এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর প্রথম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগিত এবং দ্বিতীয় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর, ২০২৪) বাস্তবায়ন পরিকল্পনা সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

৪.০ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে প্রথম প্রান্তিকে এ বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচি'র লক্ষ্যমাত্রা ছিল ১০% কিন্তু বাস্তবায়ন হয়েছে ৩.১৮%। এছাড়া, প্রকল্পের PSC সভার লক্ষ্যমাত্রা ছিল ৩৫টি কিন্তু বাস্তবায়ন হয়েছে ৭টি। অতঃপর বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রথম প্রান্তিকে এ বিভাগের অন্যান্য সকল কার্যক্রমগুলো নির্ধারিত সময়ে সম্পন্ন হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি এই প্রসঙ্গে যে সকল সূচকে প্রথম প্রান্তিকে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি, সে সকল সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকলকে অনুরোধ জানান। এছাড়া, তিনি এই প্রান্তিকে "গণপরিবহনে বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানে করণীয়" বিষয়ে ডিটিসিএ'কে একটি গণশুনানী আয়োজনের পরামর্শ প্রদান করেন। মেয়াদোত্তীর্ণ/অবৈধ যানবাহন ডাম্পিং প্রসঙ্গে তিনি বলেন যে, মেয়াদোত্তীর্ণ/অবৈধ যানবাহন সড়ক পরিবহন আইন-২০১৮ এর ধারা-১১৫ মতে মোবাইল কোর্ট পরিচালনা করে বাজেয়াপ্ত করা যেতে পারে। এসকল যানবাহন বাজেয়াপ্ত করে সাথে সাথে ডাম্পিং করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এই পর্যন্ত কতটি বাস ডাম্পিং করা হয়েছে তিনি জানতে চাইলে চেয়ারম্যান, বিআরটিএ সভাকে জানান যে গত এক সপ্তাহে ১টি গাড়ি ডাম্পিং করা হয়েছে। তিনি উল্লেখ করেন এই মুহূর্তে একটা ডাম্পিং বিধিমালা ও স্ক্রাপ নীতিমালা প্রয়োজন। এ প্রসঙ্গে এ বিভাগের যুগ্মসচিব মোঃ মনিরুল আলম সভাকে অবহিত করেন যে, স্ক্রাপ নীতিমালার খসড়া প্রস্তুত করা হয়েছে। আন্তঃমন্ত্রণালয় সভার মাধ্যমে সকলের মতামত গ্রহণ করা প্রয়োজন। সভাপতি উপরোক্ত বিষয়গুলো পরিপালনের পাশাপাশি এ বিভাগে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর ও ব্যক্তি হতে প্রাপ্ত পত্রাদি শাখায় ডায়েরিভুক্ত হওয়ার দুই কার্যদিবসের মধ্যে নথি উপস্থাপন করার আহ্বান জানান।

**৫.০ আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কর্মপরিকল্পনার প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি এবং দ্বিতীয় প্রান্তিকের লক্ষ্যমাত্রাসমূহ পর্যালোচনা:**

৫.১ **সড়ক ও জনপথ অধিদপ্তর** : প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর প্রকল্পের পিআইসি সভা আয়োজন প্রসঙ্গে সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছর সড়ক ও জনপথ অধিদপ্তর জিওবি অর্থায়ন ও বৈদেশিক সহায়তায় মোট ১২৪টি প্রকল্প বাস্তবায়ন করছে। বাস্তবায়নাধীন ১২৪টি প্রকল্পের মোট ৪৮৪টি পিআইসি সভার আয়োজন করতে হবে, যা বাস্তবায়ন করা দুরুহ। এক্ষেত্রে শুধুমাত্র প্রকল্পের বাস্তব প্রয়োজনে পিআইসি সভা আয়োজন করা হলে সভাসমূহ হতে ফলপ্রসু ফলাফল পাওয়া যাবে। এ প্রসঙ্গে এ বিভাগের শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, ২০২২-২৩ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগ শতভাগ পিআইসি সভা আয়োজনের নির্দেশনা প্রদান করে। সভাপতি এ বিষয়ে আরও বিস্তারিত জানতে চাইলে প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, পরিকল্পনা কমিশনের নির্দেশনা ও ডিপিপি অনুযায়ী একটি প্রকল্পের প্রতি কোয়ার্টারে ১টি পিআইসি সভা আয়োজন করতে হয়। অতঃপর সভাপতি পরিকল্পনা কমিশনের নির্দেশনা অনুযায়ী সকল প্রকল্পের শতভাগ পিআইসি সভা আয়োজনের নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি আগামী ১৬ ডিসেম্বর বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে জাতীয় স্মৃতিসৌধে সকল স্তরের জনগণের শ্রদ্ধা নিবেদন নির্বিঘ্ন করার জন্য ঢাকা-সাভার-নবীনগর সড়ক চলাচলের উপযোগী করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী, সওজকে নির্দেশনা প্রদান করেন।

৫.২ **বিআরটিএ’**র ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিএ সভাকে অবহিত করেন যে, তাঁর দপ্তরের এর প্রথম প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। এই প্রসঙ্গে সভাপতি বিআরটিএ’র সেবা সহজীকরণের লক্ষ্যে ৯৯৯ এ চেয়ারম্যান, বিআরটিএ’র মোবাইল নাম্বার সংযুক্ত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য চেয়ারম্যান, বিআরটিএ কে অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, মেয়াদোত্তীর্ণ যানবাহনের মেয়াদ ৬ মাস বৃদ্ধি সংক্রান্ত বিআরটিএ’র সিদ্ধান্তটি বিভিন্ন গণমাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া, কোন যানবাহনের ড্রাইভার ট্রাফিক আইন ভঙ্গ করলে তার ড্রাইভিং লাইসেন্সের পয়েন্ট কর্তনের বিষয়টি নিশ্চিত করতে হবে। এ প্রসঙ্গে চেয়ারম্যান, বিআরটিএ সভাকে অবহিত করেন যে, ড্রাইভিং লাইসেন্সের পয়েন্ট কর্তনের বিষয়টি বর্তমানে চলমান আছে।

৫.৩ **বিআরটিসি’**র ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী অনুমোদিত বার্ষিক ক্রয়পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন, বাজেট বাস্তবায়ন এবং প্রকল্পের পিআইসি সভা আয়োজন কার্যক্রমগুলি দেশের সার্বিক পরিস্থিতির কারণে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। তবে প্রথম প্রান্তিকে অবাস্তবায়িত লক্ষ্যমাত্রাসমূহ দ্বিতীয় প্রান্তিকে বাস্তবায়ন করা হবে। সভাপতি মহিলা যাত্রীদের যাতায়াত স্বাচ্ছন্দ্য করার জন্য বিআরটিসি বাসে সংরক্ষিত মহিলা আসনে যাতে মহিলারা বসতে পারেন তা নিশ্চিতসহ পর্যাপ্ত সংখ্যক বিআরটিসি’র মহিলা বাস চালু করার অনুরোধ জানান।

৫.৪ **ডিটিসিএ’**র প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী অনুমোদিত বার্ষিক ক্রয়পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন, বাজেট বাস্তবায়ন এবং প্রকল্পের পিআইসি সভা আয়োজন কার্যক্রমগুলি দেশের সার্বিক পরিস্থিতির কারণে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। প্রথম প্রান্তিকের অবাস্তবায়িত লক্ষ্যমাত্রাসমূহ দ্বিতীয় প্রান্তিকে বাস্তবায়ন করা হবে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের কর্মকর্তাদের জন্য Cyber Security সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে ডিটিসিএ’র প্রতিনিধি জানান যে, জানুয়ারি, ২০২৫ মাসে এই প্রশিক্ষণটি আয়োজন করা হবে।

৫.৫ **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল)** এর প্রতিনিধি’র নিকট সভাপতি প্রথম প্রান্তিকে বাজেট বাস্তবায়ন সম্পর্কে জানতে চাইলে তিনি জানান যে, এমআরটি লাইন-৬ এর প্রকল্প পরিচালকের চুক্তির মেয়াদ শেষ হওয়ায় বর্তমানে যিনি এই পদে অতিরিক্ত দায়িত্বে আছেন তাঁর আর্থিক ক্ষমতা না থাকায় এবং কর্মকর্তা-কর্মচারী নিয়োগ না হওয়ায় প্রথম প্রান্তিকে বাজেট বাস্তবায়ন সম্ভব হয়নি, তবে দ্বিতীয় প্রান্তিকে বাস্তবায়ন করা হবে।

৫.৬ **ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি)** এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, তাঁর দপ্তরের প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়ন করা হয়েছে এবং দ্বিতীয় প্রান্তিকের লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের কার্যক্রম চলমান আছে। সভাপতি এই প্রসঙ্গে দ্বিতীয় প্রান্তিকের লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের প্রচেষ্টা অব্যাহত রাখার অনুরোধ জানান।

৬.০ **সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :**

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) | **সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ :** -৩-<br>(ক) দ্বিতীয় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।<br><br>(খ) অধিনস্ত দপ্তর, সংস্থার সেবার মান বৃদ্ধিকল্পে গণশুনানী আয়োজন কার্যক্রমে এ প্রান্তিকে ডিটিসিএ'র মাধ্যমে গণশুনানির আয়োজন করতে হবে।<br>(গ) এ বিভাগে আগত সকল পত্রাদি শাখায় ডায়েরীভূক্ত হওয়ার পর দুই কার্যদিবসের মধ্যে নথিতে উপস্থাপন করতে হবে। | (ক) ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>(খ) নির্বাহী পরিচালক, ডিটিসিএ<br><br>(গ) উপসচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| (২) | **সড়ক ও জনপথ অধিদপ্তর :**<br>(ক) প্রকল্পের পিআইসি সভা আয়োজন লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর। |
| (৩) | **বিআরটিএ :**<br>(ক) সড়ক পরিবহন আইনের ২০১৮ এর সংশ্লিষ্ট ধারায় মোবাইল কোর্ট পরিচালনা করে মেয়াদোত্তীর্ণ/অবৈধ যানবাহন বাজেয়াপ্ত করে ডাম্পিং করতে হবে।<br>(খ) ডাম্পিং বিধিমালা ও স্ক্রাপ নীতিমালা দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(গ) বিআরটিএ'র সেবা সহজীকরণের লক্ষ্যে ৯৯৯ এ চেয়ারম্যান, বিআরটিএ'র মোবাইল নাম্বার সংযুক্ত করতে হবে।<br>(খ) মেয়াদোত্তীর্ণ যানবাহনের মেয়াদ ৬ মাস বৃদ্ধি সংক্রান্ত বিআরটিএ'র সিদ্ধান্তটি বিভিন্ন গণমাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ। |
| (৪) | **বিআরটিসি :**<br>(ক) অনুমোদিত বার্ষিক ক্রয়পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন, বাজেট বাস্তবায়ন এবং প্রকল্পের পিআইসি সভা আয়োজন কার্যক্রমগুলি লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি। |
| (৫) | **ডিটিসিএ :**<br>(ক) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের কর্মকর্তাদের জন্য Cyber Security সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ |
| (৬) | **ডিএমটিসিএল :**<br>(ক) লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বাস্তবায়ন নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল |
| (৭) | **ঢাকা বিআরটি :**<br>(ক) লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বাস্তবায়ন নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |
| (৮) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২৬/১২/২০২৪ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। চেয়ারম্যান, বিআরটিএ<br>২। প্রধান প্রকৌশলী, সওজ<br>৩। চেয়ারম্যান, বিআরটিসি<br>৪। নির্বাহী পরিচালক, ডিটিসিএ<br>৫। ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল<br>৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |

৭.০ আর কোনো বিষয় আলোচনায় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২১/১১/২৪
(মোঃ এহছানুল হক)
সিনিয়র সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৯.০৬.০০১.২৪-১৪৩

তারিখ : ১০ অগ্রহায়ণ ১৪৩১ / ২৫ নভেম্বর ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা।
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা।
০৪। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা।
০৫। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৬। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা ।
০৮। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা।
০৯। যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

১। একান্ত সচিব, সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি/মাস্টার কপি।

অনুলিপি (কার্যার্থে):

১। উপসচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।

২৫/১১/২৪
(মুহাম্মদ কামরুল হাসান)
যুগ্মসচিব
ফোন : ২২৩৩৫৫৫২৮